

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 12.12.2024

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর –

- ১) পূর্ব ভারতের মধ্যে কলকাতা মেডিকেল কলেজ হাসপাতালকে গবেষণার নিরীক্ষে সেরার তকমা দিয়েছে – ICMR ।
- ২) রাজ্য বিধানসভায় পাশ হয়েছে ভবানীপুর প্লোবাল ইউনিভার্সিটি বিল ।
- ৩) বাংলাদেশের পরিস্থিতি নিয়ে সমাজমাধ্যমে ছড়িয়ে পড়া ভুয়ো ভিডিওর মাধ্যমে বাংলাকে অশান্ত করার চেষ্টা হচ্ছে বলে মুখ্যমন্ত্রী অভিযোগ করেছেন ।
- ৪) কলেজ সার্ভিস কমিশনের সেট পরীক্ষার জন্য আগামী ১৫-ই ডিসেম্বর চারটি বিশেষ ট্রেন চালানোর কথা ঘোষণা করেছে মেট্রো রেল ।
- ৫) দেশের ৫১ টি নোডাল কেন্দ্রে সপ্তম স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথনে ছাত্রছাত্রীদের মধ্যে বিপুল উৎসাহ লক্ষ্য করা যাচ্ছে ।
- ৬) উত্তরে বাতাস প্রবেশ করায় রাজ্যজুড়ে তাপমাত্রার পারদ নিম্নমুখী ।
- ৭) আইএসএল ফুটবলে আজ ইস্টবেঙ্গল , ওড়িশা এফ সি- র মুখোমুখি হবে ।।

000000000000000000000000

পূর্ব ভারতের মধ্যে কলকাতা মেডিকেল কলেজ হাসপাতালকে সেরার তকমা দিয়েছে দ্যা ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিকেল রিসার্চ - ICMR। গবেষণার নিরিখে রাজ্য সরকারের এই হাসপাতালটি এই স্বীকৃতি পেল। একই সঙ্গে ICMR কলকাতা মেডিকেল কলেজকে ১ কোটি ২৫ লক্ষ টাকার অনুদান দেওয়ারও সিদ্ধান্ত নিয়েছে। পাশাপাশি গবেষণার কাজের জন্য ১০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। দেশের মধ্যে কলকাতা মেডিকেল কলেজ ৭০ শতাংশ নম্বর পেয়েছে।

000000000000000000000000

শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু রাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিয়োগের ব্যাপারে রাজ্যপালের ভূমিকা নিয়ে সরব হয়েছেন। বিধানসভায় গতকাল ভবানীপুর প্লোবাল ইউনিভার্সিটি বিলের ওপর আলোচনা শেষে জবাবী ভাষণে শিক্ষামন্ত্রী অভিযোগ করেন, রাজ্যপালের অযাচিত হস্তক্ষেপে বিশ্ববিদ্যালয়গুলির পরিচালনা বিন্নিত হচ্ছে। ৩৫-টি বিশ্ববিদ্যালয়ে স্থায়ী উপাচার্য নিয়োগের ব্যাপারে সুপ্রিম কোর্টের নির্দেশের পরেও রাজ্যপাল এনিয়ে অযথা কালবিলম্ব করছেন। শিক্ষামন্ত্রী আরও জানান, ভবানীপুরের গুজরাটী এডুকেশন সোসাইটি নতুন বিশ্ববিদ্যালয়টি তৈরি করবে। রাজ্য ভাষা সংখ্যালঘু পদুয়াদের জন্য এই প্রথম কোন বিশ্ববিদ্যালয় তৈরি হল বলেও তিনি জানান।

এদিকে, বিরোধীরা শিক্ষাক্ষেত্রে বে-সরকারীকরণের অভিযোগ তুলেছেন। সাম্প্রতিক একাধিক শিক্ষা দুর্নীতির অভিযোগের সঙ্গে বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের বাড়বাড়ন্তের কোন সম্পর্ক আছে কিনা তা নিয়ে প্রশ্ন তোলেন বিরোধী পক্ষের মুখ্য সচেতক শক্তর ঘোষ। আলোচনা শেষে ধ্বনি ভোটে বিলটি বিধানসভায় গৃহীত হয়।

000000000000000000000000

সুন্দরবনের বিপদজনক নদী বাঁধের সংস্কারে রাজ্য সরকার, বিশেষ কর্মসূচি নিচ্ছে। বিধানসভার প্রশ্নাত্তর পর্বে গতকাল একথা জানান, রাজ্যের সেচ ও জল পথ

মন্ত্রী মানস ভুঁইয়া। তিনি বলেন, নদী বাঁধ সুরক্ষায় বিশ্ব ব্যাংকের আর্থিক সহায়তায় একটি সার্বিক পরিকল্পনা রূপায়ণ, রাজ্য সরকারের বিবেচনাধীন। পরিবেশবান্ধব নদী বাঁধ নির্মাণের লক্ষ্যে গত আগস্ট মাস থেকে একাধিকবার আন্তর্জাতিক প্রযুক্তিবিদদের সঙ্গে আলোচনা হয়েছে। নদী বাঁধ নির্মাণের পাশাপাশি বাঁধের ধারে ম্যানগ্রোভ বৃক্ষরোপণ, কৃষিকাজ ও মৎস্য চাষের উন্নতির মাধ্যমে জীবিকা অর্জনের ব্যবস্থা করাও এই পরিকল্পনার একটা অংশ। এক্ষেত্রে প্রয়োজনীয় ছাড়পত্রের জন্য প্রাথমিক পরিকল্পনা রিপোর্ট, কেন্দ্রীয় সরকারের ডিপার্টমেন্ট অফ ইকোনমিক্স অ্যাফেয়ার অর্থাৎ ডি ই এ বিভাগে গত এপ্রিলেই পাঠানো হয়েছে বলে মন্ত্রী জানান।

০০০০০০০০০০০০০০০০০০০

ঘাটাল মাস্টার প্ল্যানের মূল পর্বের কাজ আগামী বছরের গোড়াতেই শুরু হয়ে যাবে। বিধানসভার প্রশ্নোত্তর পর্বে গতকাল সেচমন্ত্রী মানস ভুঁইয়া একথা জানিয়েছেন। তিনি বলেন, ২০২৫ সালের ফেব্রুয়ারি নাগাদ ঘাটাল মাস্টার প্ল্যানের কাজ শুরু হবে। কেন্দ্রীয় সরকারকে মুখ্যমন্ত্রী বারবার চিঠি দেওয়া, প্রতিনিধি পাঠানো সত্ত্বেও কেন্দ্রীয় সরকার ২০১৫ সাল থেকে কোন অর্থ দেয়নি। তাই ঘাটাল মাস্টার প্ল্যান, রাজ্য সরকার নিজেদের তহবিল থেকেই করবে। বিজেপি বিধায়ক অশোক লাহিড়ীর প্রশ্নের উত্তরে সেচমন্ত্রী জানান যে ঘাটাল মাস্টার প্ল্যানের জন্য ১ হাজার ২৩৮ কোটি টাকা খরচ হবে। ইতিমধ্যে এবিষয়ে বিভিন্ন কাজে ৩৪১ কোটি ৫৫০ লক্ষ টাকা খরচ করেছে। উত্তর ও দক্ষিণবঙ্গে নদী ভাঙ্গন রুখতে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে তিনি বস্ত্বনার অভিযোগ তোলেন। তিনি বলেন উত্তরবঙ্গে ৭৬ টা নদী আছে। যাদের উৎস ভুটানে। অথচ ইন্দো-ভুটান নদী কমিশন তৈরী করতে কেন্দ্রীয় সরকার কোনও উদ্যোগ নিচ্ছে না। উত্তরবঙ্গে গঙ্গা ভাঙ্গন রুখতে ভূতনী, দিয়ারা, রত্নুয়া ১ এবং ২ নম্বর ব্লক, অন্যদিকে সমুদ্রভাঙ্গন প্রবণ সুন্দরবনকে রক্ষা করতে দুটি বড়সড় পরিকল্পনা রাজ্য সরকার নিচ্ছে বলেও মানসবাবু বিধানসভার বাইরে সাংবাদিকদের জানান।

০০০০০০০০০০০০০০০০

রাজ্য বিধানসভার চলতি অধিবেশন গতকাল শেষ হয়েছে। প্রথা মাফিক ধন্যবাদ জ্ঞাপন প্রস্তাবের মধ্যে দিয়ে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় অধিবেশনের সমাপ্তি ঘোষনা করেন। তিনি জানান চলতি অধিবেশনে ছত্রিশ ঘন্টারও বেশি বিভিন্ন বিষয়ের উপর আলোচনা হয়েছে। মৌখিক ও লিখিত উত্তরের জন্য বিভিন্ন দণ্ডের মোট ৩৮২ টি প্রশ্ন জমা পড়েছিল। তার মধ্যে ১৪৭ টির উত্তর দেওয়া হয়েছে। চলতি অধিবেশনে সাতটি বিল পেশ করা হয়েছিল। সব কটি বিধানসভায় গৃহীত হয়েছে। এছাড়া সরকারি বেসরকারি মিলিয়ে চারটি প্রস্তাবের ওপর আলোচনা হয়েছে। এর মধ্যে সংবিধান দিবসেকে সামনে রেখে আনা বিশেষ প্রস্তাবও রয়েছে। অধিবেশন সুচারূপে শেষ হওয়ার জন্য সরকারপক্ষ এবং বিরোধী পক্ষের সকলকে অধ্যক্ষ ধন্যবাদ জানান। বিধানসভার অধিবেশন যাতে আরো বেশি দিন বসে সরকার পক্ষকে সেজন্য সচেষ্ট হতেও তিনি অনুরোধ করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রতিবেশী বাংলাদেশের পরিস্থিতি নিয়ে সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়া কিছু ভুয়ো ভিডিওকে ব্যবহার করে বাংলাকে অশান্ত করার চেষ্টা হচ্ছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ফের অভিযোগ করেছেন। পূর্ব মেদিনীপুরের দীঘায় গতকাল জগন্নাথ মন্দিরের কাজের অগ্রগতি খতিয়ে দেখার পর তিনি বলেন, বাংলাদেশের সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ। যারা ভারতে আসতে চান তাঁদের এখানে আসার প্রয়োজনীয় ব্যবস্থা করা উচিত।

(বাইট)

অন্যদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ভুয়ো ভিডিওর অভিযোগ খন্ডন করে বলেছেন, রাজ্য সরকার বাধা দেওয়ায় বিএসএফ কয়েকশো কিলোমিটার এলাকায় বেড়া দিতে পারছে না।

(বাইট)

এদিকে, প্রবীণ কংগ্রেস নেতা, অধীর রঞ্জন চৌধুরী বাংলাদেশের পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করে বলেছেন, গণতান্ত্রিক দেশে যেকোনো ব্যক্তিরই আইনি সহায়তা পাওয়ার অধিকার আছে। কিন্তু সন্ন্যাসী চিন্ময় কৃষ্ণ দাসের হয়ে কোনো আইনজীবী লড়তে পারছেন না। এজন্য দেশের সরকারকেই দায়ী করেছেন তিনি।

(বাইট)

০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব মেদিনীপুরের দীঘায় নির্মায়মাণ জগন্নাথ মন্দিরে আগামী ৩০-শে এপ্রিল অক্ষয় তৃতীয়ায় উদ্বোধন হবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ঘোষণা করেছেন। তিনিদিনের দীঘা সফরে গিয়ে গতকাল তিনি বলেন, এবছর ওই মন্দির থেকেই রথযাত্রার সূচনা হবে। মন্দির উদ্বোধনের ৪৮ ঘণ্টা আগে শুরু হবে পুজো। জগন্নাথ দেবের কাঠ ও পাথর নির্মিত দু-ধরনের মূর্তি থাকবে। মন্দির পরিচালনার জন্য ১৩ সদস্যের একটি অছি পরিষদ তৈরি করা হয়েছে। এর নেতৃত্বে থাকবেন রাজ্যের মুখ্য সচিব। ইতিমধ্যেই ওই মন্দিরের জন্য আড়াইশো কোটি টাকা খরচ হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান।

(বাইট - মুখ্যমন্ত্রী)

০০০০০০০০০০০০০০০০০

ওয়েস্ট বেঙ্গল কলেজ সার্ভিস কমিশনের স্টেট এলিজিবিলিটি টেস্ট বা স্টে পরীক্ষার জন্য কলকাতা মেট্রো রেল আগামী ১৫ই ডিসেম্বর ৪-টি বিশেষ, ট্রেন চালানোর কথা ঘোষণা করেছে। ওই দিন ব্লু লাইনে কবি সুভাষ থেকে দক্ষিণেশ্বরের উদ্দেশ্যে সকাল ৮টা ও সাড়ে আটটায় দুটি, দমদম থেকে সকাল ৮ টায় একটি এবং দক্ষিণেশ্বর থেকে সকাল ৮ টা ১৫ মিনিটে একটি বিশেষ ট্রেন ছাড়বে।

উল্লেখ্য, ব্লু লাইনে রবিবারের পরিষেবা সকাল ৯ টায় শুরু হয়।

এদিকে, গ্রীন লাইন টু-তে হাওড়া ময়দান ও এসপ্লানেড-এর মধ্যে পরিষেবা স্বাভাবিক থাকবে। গ্রীন লাইন ওয়ান এবং পার্পেল ও অরেঞ্জ লাইনে কোনো ট্রেন চলবে না।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দেশের ৫১ টি নোডাল কেন্দ্রে সপ্তম স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথনে ছাত্রছাত্রীদের মধ্যে বিপুল উতসাহ লক্ষ্য করা যাচ্ছে। ১৩-শোর বেশি পদুয়াদের দল চূড়ান্ত প্রতিযোগিতায় প্রতিদ্বন্দ্বিতা করছেন। গতকাল শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান ভার্চুয়াল মাধ্যমে এর উদ্বোধন করেন। হ্যাকাথনের সফটওয়্যার সংস্করণ চলছে। হার্ডওয়্যার সংস্করণ চলবে ১৫ ই ডিসেম্বর পর্যন্ত। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথন - ২০২৪-এর গ্র্যান্ড ফিনালের তরুণ উদ্ভাবকদের সঙ্গে কথা বলেন। ভার্চুয়াল মাধ্যমে আয়োজিত এক অনুষ্ঠানে শ্রী মোদী বলেন, হ্যাকাথন থেকে উদ্ভুত পরামর্শ এবং চিন্তাভাবনা সরকারী নানা কাজে সহায়ক হচ্ছে।

এরাজ্যের আইআইটি খড়গপুরে স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথনের সপ্তম পর্যায়ের গ্র্যান্ড ফিনালে পর্ব চলছে। মোট ৩৫ টি দল প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছে।

০০০০০০০০০০০০০০০০

৩০ তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে তপন সিংহের স্মরণ অনুষ্ঠানে দর্শকদের উপস্থিতি এবং অনুষ্ঠানের সময় সংক্ষেপ নিয়ে খেদ ব্যক্ত করেছেন অভিনেতা অর্জুন চক্রবর্তী। অন্তিম পর্বের আগে গতকাল “শতবর্ষে তপন সিংহ” শীর্ষক আলোচনায় অংশ নিয়ে শ্রী চক্রবর্তী বলেন, গোয়ায় ৫৫ তম জাতীয় চলচ্চিত্র উৎসবে একই বিষয়ের আলোচনা নির্দিষ্ট সময়ের তিনগুণ ছাপিয়ে গেলেও অনুষ্ঠান কর্তৃপক্ষ এবং দর্শকদের ধৈর্যচূড়ি ঘটেন।

এদিকে, পরিচালক ও প্রযোজক সুজয় মুখার্জি এবারের চলচ্চিত্র উৎসবের ব্যবস্থাপনায় সন্তোষ প্রকাশ করেছেন। মূলত মুস্বাইতে ছবি করলেও কলকাতাতেও কাজ করতে তিনি আগ্রহী বলে জানিয়েছেন। কলকাতা প্রেস ক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে তিনি জানান, তার পরিচালিত স্বল্প দৈর্ঘ্যের ছবি 'hunar' নামের এবারে প্রতিযোগিতামূলক বিভাগে স্থান পেয়েছে। ছবিটির মাধ্যমে সমাজের কাছে তিনি একটি বার্তা দিতে চেয়েছেন বলে পরিচালক জানান।

০০০০০০০০০০০০০০০০

৩০ তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে ইন্টারন্যাশনাল কম্পিটিশন, ইনোভেশন ইন মুভিং ইমেজেস এই বিভাগে এবার সেরা জুরি পুরস্কার এবং সেরা চলচ্চিত্রের শিরোপা পেয়েছে বুলগেরিয়ার ছবি "তারিকা"। পরিচালক Milko Lazarov-এর এই ছবিটি পেয়েছে নগদ ৫১ লক্ষ টাকা ও গোল্ডেন রয়েল বেঙ্গল ট্রফি। এই বিভাগে সেরা পরিচালকের সম্মান পেয়েছেন পানামার ছবি "আনা আন্ডেরার" পরিচালক বিলোভেড ট্রিপিক। গতকাল রবীন্দ্রসদনে সমাপ্তি অনুষ্ঠানে উৎসবে অংশ নেওয়া সেরা ছবিগুলিকে পুরস্কৃত করা হয়।

০০০০০০০০০০০০০০০০

উত্তরে বাতাস প্রবেশ করায় রাজ্যজুড়ে তাপমাত্রার পারদ নিম্নমুখী। দার্জিলিং-সহ উত্তরবঙ্গের পাঁচ জেলা এবং দক্ষিণবঙ্গের কয়েকটি জেলায় ঘন কুয়াশার সতর্কতা জারি করা হয়েছে। ঘন কুয়াশার জন্য আবহাওয়া দফতর সকালের দিকে বাড়তি সতর্কতা অবলম্বন করতে বলেছে। ঠান্ডায় ইতিমধ্যেই উত্তরের জেলাগুলিকে ছাড়িয়ে গেছে পুরুলিয়া, ঝাড়গ্রাম। কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৩ দশমিক ৮ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের থেকে ২ দশমিক ৩ ডিগ্রী কম। আগামী এক সপ্তাহে ধাপে ধাপে পারদ পতনের সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছেন আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত।

(বাইট - সোমনাথ)

০০০০০০০০০০০০০০০০০০০

যুব ভারতী ক্রীড়াঙনে আজ আইএসএলের ম্যাচে ইস্টবেঙ্গল , ওড়িশা এফ সি, র বিরুদ্ধে খেলবে। খেলা শুরু সন্ধ্যা সাড়ে সাতটায়। ইস্টবেঙ্গল ৯ ম্যাচে সাত পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার একাদশ স্থানে আছে।

অন্যদিকে, পঞ্চম স্থানে থাকা ওড়িশা এফ সি, র ১১ ম্যাচে পয়েন্ট ১৬ ।

০০০০০০০০০০০০০০০০০